**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ২৯ জুন ২০১৫, ১৫ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে নবনিযুক্ত সেনাবাহিনী প্রধানের সাক্ষাৎ
২। ব্রাজিল থেকে আনা গম সম্পূর্ণভাবে খাওয়ার উপযোগী : খাদ্যমন্ত্রী
৩। ১৬ বছরের মধ্যে শেষ হয়ে যাবে গ্যাসের মজুদ : সংসদে প্রশ্নোত্তরে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
৪। অবশেষে একাদশ শ্রেণিতে ভর্তির ফল প্রকাশ : ক্লাস শুরু ১ জুলাই, ভর্তি ২ জুলাই পর্যন্ত
৫। রেলপথ প্রকল্পে এডিবির সঙ্গে সাড়ে ৫০ কোটি ডলারের চুক্তি
৬। লালবাগ কেল্লায় গাড়ি পার্কিংয়ের নির্মাণ কাজ ২৪ ঘণ্টার মধ্যে বন্ধের নির্দেশ হাইকোর্টের
৭। চট্টগ্রামে তেলের সঙ্গে কোকেন আটকের ঘটনায় তদন্তে আসছে ব্রিটিশ ও আমেরিকান টিম
৮। রাজধানীতে কোটি টাকার জালনোটসহ ৫ জন আটক
৯। বিভিন্ন মানের নতুন টাকার নোট আসছে বাজারে
১০। আইসিডিডিআরবির গবেষণায় টাইফয়েড শনাক্ত করার নতুন পদ্ধতি

চলমান পাতা/২

১। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে নবনিযুক্ত সেনাবাহিনী প্রধানের সাক্ষাৎ

নবনিযুক্ত সেনাবাহিনী প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক গতকাল ২৮ জুন রোববার বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং জাতীয় সংসদ ভবন কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রপতির সঙ্গে বৈঠকে আবু বেলাল মোহাম্মদ শফিউল হক তাঁকে সেনাবাহিনী প্রধান হিসেবে নিয়োগ দেওয়ায় সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বাংলাদেশ সেনাবাহিনীর উন্নয়ন ও আধুনিকায়নে রাষ্ট্রপতির সহায়তা কামনা করেন। রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন এ তথ্য জানান।

এছাড়া প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে সেনাবাহিনী প্রধান তাঁর দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর সহায়তা কামনা করেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের একথা জানান। প্রধানমন্ত্রী সেনাবাহিনী প্রধানের সাফল্য কামনা করে দায়িত্ব পালনে তাঁকে সব ধরনের সহায়তার আশ্বাস দেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৭), যুগান্তর (শেষ পৃ.,ক.৫), ডেইলি সান (পৃ.৩,ক.১), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৬)।

২। ব্রাজিল থেকে আনা গম সম্পূর্ণভাবে খাওয়ার উপযোগী : খাদ্যমন্ত্রী

ব্রাজিল থেকে আনা গম সম্পূর্ণ খাওয়ার উপযোগী দাবি করে খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম বলেছেন, 'খাদ্য অধিদপ্তর ও সায়েন্স ল্যাবরেটরির (বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ) পরীক্ষায় গমের মান নিয়ে আমি স্যাটিসফাইড। এরপরও কারো যদি সন্দেহ থাকে তারা আমাদের যে কোনো গোডাউন থেকে গম সংগ্রহ করে যে কোনো জায়গায় পরীক্ষা করতে পারেন। এজন্য আমি তাদের সহযোগিতাও করবো।' গতকাল ২৮ জুন রোববার সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে খাদ্যমন্ত্রী একথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.২), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.১), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২)।

৩। ১৬ বছরের মধ্যে শেষ হয়ে যাবে গ্যাসের মজুদ : সংসদে প্রশ্নোত্তরে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

দেশের বর্তমান মজুদ গ্যাস আগামী ১৬ বছরের মধ্যে শেষ হয়ে যাবে। একই সময়ের মধ্যে ধীরে ধীরে গ্যাসের সরবরাহও কমে যাবে বলে জানালেন বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু। গতকাল ২৮ জুন রোববার জাতীয় সংসদে টেবিলে উপস্থাপিত প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে তিনি এই তথ্য জানান। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৬), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৫)।

৪। অবশেষে একাদশ শ্রেণিতে ভর্তির ফল প্রকাশ : ক্লাস শুরু ১ জুলাই, ভর্তি ২ জুলাই পর্যন্ত

অনেক জটিলতার পর অবশেষে গতকাল ২৮ জুন রোববার মধ্যরাতে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছুদের মেধা তালিকা প্রকাশ করেছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি। কারিগরি জটিলতায় নির্ধারিত সময়ের ৩ দিন পর এ ফল প্রকাশ করা হয়। রাত ১২টা ৪০ মিনিটে বুয়েটে এক সংবাদ  সম্মেলনে শিক্ষা সচিব নজরুল ইসলাম খান সাংবাদিকদের এ তথ্য জানান। এ সময় তিনি বলেন, 'প্রথম দফা যাদের তালিকা প্রকাশ করা হয়েছে সেখানে ১০ লাখ ৯৩ হাজার ৩৭৪ জন মনোনীত করা হয়েছে।' সূত্র-যুগান্তর (পৃ.১,ক.১), যায়যায়দিন (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১)।

৫। রেলপথ প্রকল্পে এডিবির সঙ্গে সাড়ে ৫০ কোটি ডলারের চুক্তি

আঞ্চলিক রেল যোগাযোগ উন্নয়নে ৫০ কোটি ৫০ লাখ ডলার ঋণ দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এডিবির এ অর্থায়নে আখাউড়া-লাকসাম দ্বৈত রেললাইন স্থাপন করা হবে। এ রেল লাইন সাউথ এশিয়ান সাব রিজিওনাল ইকোনোমিক কো-অপারেশন (সাসেক) রেল কানেক্টিভিটির প্রস্তাবিত রেল রুট হিসাবে অন্তর্ভুক্ত রয়েছে। গতকাল ২৮ জুন রোববার অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সম্মেলন কক্ষে এ সংক্রান্ত চুক্তি সই হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে ইআরডির সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন এবং এডিবির পক্ষে বাংলাদেশ আবাসিক প্রতিনিধি কাজু হিকো হিগুচি ঋণ চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), সংবাদ (পৃ.১,ক.৭), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৫), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১)।

৬। লালবাগ কেল্লায় গাড়ি পার্কিংয়ের নির্মাণ কাজ ২৪ ঘণ্টার মধ্যে বন্ধের নির্দেশ হাইকোর্টের

রাজধানীর লালবাগ কেল্লার দেয়াল ভেঙ্গে নির্মাণাধীন গাড়ি পার্কিংয়ের কাজ বন্ধের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। আগামী ২৪ ঘণ্টার মধ্যে এ নির্দেশ বাস্তবায়ন করতে বলা হয়েছে। একইসঙ্গে দুটি রুলও জারি করা হয়েছে। প্রত্নতত্ত্ব সংরক্ষণ আইনের ১২(৩) ধারা এবং সংবিধানের ২৪ অনুচ্ছেদ অনুসারে লালবাগ কেল্লা ও স্থাপনা সংরক্ষণের নির্দেশ কেন দেওয়া হবে না-তা জানতে চাওয়া হয়েছে একটি রুলে। আরেকটি রুলে কেল্লার দেয়ালের যে অংশ ভেঙ্গে ফেলা হয়েছে, তা আগের অবস্থায় ফিরিয়ে নেওয়ার নির্দেশ কেন দেওয়া হবে না-তা জানতে চাওয়া হয়েছে। বিচারপতি কাজী রেজাউল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল ২৮ জুন রোববার এ আদেশ দেন। জনস্বার্থে এ রিট আবেদনটি দায়ের করেছিল মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস এ্যান্ড পিস ফর বাংলাদেশ। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), ভোরের কাগজ (পৃ.১,ক.৪), ডেইলি সান (শেষ পৃ.,ক.৬), ডেইলি স্টার (পৃ.৩,ক.২)।

৭। চট্টগ্রামে তেলের সঙ্গে কোকেন আটকের ঘটনায় তদন্তে আসছে ব্রিটিশ ও আমেরিকান টিম

চট্টগ্রাম বন্দরে ভোজ্যতেলের সঙ্গে কোকেন আটকের ঘটনায় তদন্তে আসছে ব্রিটিশ ও আমেরিকান টিম। আগামী সপ্তাহে এ টিমের ঢাকায় পৌঁছাবার কথা রয়েছে। অপরদিকে কোকেন পাচারের সঙ্গে জড়িতদের ধরতে পুলিশ অভিযান শুরু করেছে। আটক করা ড্রামে ৬০ থেকে ১২০ কেজি কোকেন রয়েছে বলে ধারণা করা হচ্ছে। এর মূল্য প্রায় ৪০০ কোটি টাকা বলে সূত্র নিশ্চিত করেছে। তবে আটক হওয়া কোকেনের গন্তব্য ছিল উত্তর আমেরিকা ও পশ্চিম ইউরোপের কোনো দেশ। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), ভোরের কাগজ (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮)।

৮। রাজধানীতে কোটি টাকার জালনোটসহ ৫ জন আটক

রমজান ও ঈদকে সামনে রেখে রাজধানীসহ কয়েকটি স্থানে প্রায় ৫০ লাখ টাকার জালনোট বাজারে ছেড়েছে জাল নোট তৈরির একটি চক্র এবং আরো এক কোটি টাকার জালনোট ছাড়ার পরিকল্পনা ছিল। খুচরা বাজারে সাধারণত ছোট ছোট দোকানগুলোতে ৫শ অথবা ১ হাজার টাকার নোট দিয়ে পণ্য কিনে নোটগুলো বাজারে ছড়াতো তারা। গতকাল ২৮ জুন রোববার র‌্যাপিড একশন ব্যাটালিয়ন (র‌্যাব) সদরদপ্তরে রাজধানীর বনশ্রী এলাকা থেকে ২ নারীসহ জালনোট তৈরি ও বাজারজাত চক্রের পাঁচজনকে গ্রেফতারের বিষয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা বলেন র‌্যাবের লিগ্যাল ও মিডিয়া উইংয়ের পরিচালক মুফতি মাহমুদ খান। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৫), যায়যায়দিন (পৃ.১,ক.৬)। নিউ নেশন, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। বিভিন্ন মানের নতুন টাকার নোট আসছে বাজারে

ঈদের আনন্দ বাড়িয়ে দিতে প্রতি বছরের ন্যায় এবারও বিভিন্ন মানের নতুন নোট বাজারে ছাড়ছে কেন্দ্রীয় ব্যাংক। পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে এ বছর ২, ৫, ১০, ২০ ও ৫০ টাকা মূল্যমানসহ সবধরনের নোটের প্রায় ২২ হাজার কোটি টাকা বাজারে ছাড়া হবে। কেন্দ্রীয় ব্যাংকের কারেন্সি ম্যানেজমেন্ট বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), ভোরের কাগজ (পৃ.১,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.৫)।

১০। আইসিডিডিআরবির গবেষণায় টাইফয়েড শনাক্ত করার নতুন পদ্ধতি

টাইফয়েড ও প্যারাটাইফয়েড জ্বর নির্ণয়ের একটি নতুন পরীক্ষা পদ্ধতি বের করেছেন আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিডিআরবি) একদল গবেষক। তাঁরা বলেছেন, এই জ্বর শনাক্ত করার পদ্ধতিটি পাঁচ বছরের কম বয়সী শিশুর পাশাপাশি প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রেও কার্যকর। ফলে নির্ভুল রোগ নির্ণয় করে আরও কম সময়ে চিকিৎসা দেওয়া সম্ভব। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : ঈদে বাড়ি ফেরা মানুষের দুর্ভোগ লাঘবে সড়ক-মহাসড়কগুলো সংস্কারের দ্রুত উদ্যোগ নেওয়ার পাশাপাশি মেরামতের গুণগত মান নিশ্চিত করা ও সড়ক-মহাসড়ক রক্ষণাবেক্ষণের ব্যবস্থাপনা যাতে নিয়মিত ও স্থায়ী হয় সেদিকে নজর দেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক : চট্টগ্রাম-দোহাজারী রেলপথের বোয়ালখালীর হারগেজি খালের ওপর নির্মিত রেলসেতুটি তেলবাহী ট্রেনের তিনটি ওয়াগন নিয়ে পানিতে পড়ে যাওয়ায় তা কর্ণফুলী নদী দূষণ ও আশেপাশের এলাকার ফসলি জমির ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছে উল্লেখ করে রেলপথের এ ধরনের ঝুঁকিপূর্ণ সেতুগুলি মেরামতের উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : চট্টগ্রামে পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারীদের উচ্ছেদে কার্যকর ব্যবস্থা নেওয়ার দাবি;

ঘ. সংবাদ, যায়যায়দিন : রাজধানীতে একটু বৃষ্টিতে জলাবদ্ধতা যানজটের অন্যতম কারণ উল্লেখ করে এ ব্যাপারে আগাম সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঙ. সমকাল, যুগান্তর, যায়যায়দিন : চট্টগ্রাম বন্দরে তেলের কন্টেইনারে নিষিদ্ধ মাদক কোকেনের বিপুল চালান আটক হওয়ার খবর চাঞ্চল্যকর ও উদ্বেগজনক উল্লেখ করে কোকেন চোরাচালানের রুট হিসেবে বাংলাদেশ বা চট্টগ্রাম বন্দর যাতে ব্যবহার না হতে পারে সে ব্যাপারে কঠোর নজরদারির সুপারিশ;

চ. ডেইলি সান : দেশের বন্যাকবলিত এলাকায় ত্রাণ পাঠানো ও দুর্যোগ কবলিত মানুষকে পুনর্বাসনের ব্যবস্থা করার জন্য কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ছ. ডেইলি স্টার : একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তি হওয়া নিয়ে অব্যবস্থা ও বিশৃঙ্খলা নিরসনে অভিজ্ঞ তথ্য প্রযুক্তিবিদদের সহযোগিতা নিয়ে এ সমস্যার দ্রুত সমাধান করা হবে এ প্রত্যাশা ব্যক্ত;

জ. ইন্ডিপেনডেন্ট : সুন্দরবনের ক্ষতি হওয়ার আশংকায় রামপাল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পে তিনটি ফরাসি ব্যাংক অর্থ সাহায্য না দেওয়ার ঘোষণা ও পরিবেশবাদীদের হুঁশিয়ারি আমলে নিয়ে এ প্রকল্পটি অন্যত্র স্থাপনে পুনর্বিবেচনার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে রাজধানী ঢাকার জলাবদ্ধতা নিরসনে সিটি কর্পোরেশনগুলোকে বড় ভূমিকা পালন করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত 'সিয়াম-নৈতিক অবক্ষয় রোধের উপায়' শিরোনামের নিবন্ধে মুহাম্মদ আবদুল মুনিম খান ধর্মীয় মূল্যবোধ, চারিত্রিক মহত্ব, নৈতিক পরিচ্ছন্নতা, চিন্তার বিশুদ্ধতা, আত্মিক পবিত্রতা ও আল্লাহর নৈকট্য লাভের অন্যতম উপায় হচ্ছে সিয়াম সাধনা বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা